



বরিশালে মিষ্টি বিতরণকে কেন্দ্র করে দু'পক্ষের সংঘর্ষে ছাত্রদলকর্মীর মৃত্যু



সংগৃহীত ছবি

বরিশালের বাবুগঞ্জ শেখ হাসিনার মৃত্যুদণ্ডের রায় ঘোষণার পর মিষ্টি বিতরণকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়। পরিস্থিতি দ্রুত সহিংসতায় রূপ নিলে রবিউল ইসলাম নামে ছাত্রদলের এক স্থানীয় কর্মী নিহত হন। ঘটনাটি ঘটে সোমবার (১৭ নভেম্বর) সন্ধ্যায় জাহাঙ্গীর নগর (আগরপুর) ইউনিয়নে।

সংঘর্ষে আরও পাঁচজন আহত হয়েছে বলে স্থানীয় সূত্রে জানা গেছে।

রবিউল ইসলাম জাহাঙ্গীর নগর ইউনিয়ন ছাত্রদলের সক্রিয় কর্মী ছিলেন। নিহতের মরদেহ বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালের মর্গে সংরক্ষিত রয়েছে।

LENS ASIA